পাবে, আর নিশ্চয়ই
জামা'আর কল্যাণের
উপরে মুসলিম রাষ্ট্রের
কল্যাণ প্রাধান্য পাবে,
আর নিশ্চয়ই ব্যক্তির
কল্যাণের উপরে
জামা'আর কল্যাণ
প্রাধান্য পাবে।

ইমামুল মুজাহিদীন
শাইখ উসামা বিন লাদেন রহ.

শামের জিহাদের বাস্তবতা, জাবহাতুন নুসরার স্বাধীনভাবে পথচলা, উম্মাহর কল্যাণে আল-কায়েদার নীতি ও কৌশল

আব্দুল্লাহ হাসান

নিম্নোক্ত ৫ টি পয়েন্টে লেখাটিকে সাজানোর চেষ্টা করেছি। যথাঃ-

১। স্বতন্ত্র ইমারার অধীনে জাবহাতুন নুসরার পথচলার প্রেক্ষাপট ও কারণ

২। আল-কায়েদার নীতি ও জাবহাতুন নুসরার স্বতন্ত্র ইমারাহ

৩। ভিডিও বার্তায় শাইখ জুলানী হাফি. এর ৫ দফা কর্মসূচী

৪। নতুন এই পথচলায় আল-কায়েদার প্রভাব

৫। নতুন এই কৌশলের সম্ভাব্য ফলাফল

১। স্বতন্ত্র ইমারার অধীনে জাবহাতুন নুসরার পথচলার প্রেক্ষাপট ও কারণঃ

শামের বরকতময় জিহাদ সম্পর্কে যারা অবগত, তারা নিশ্চয়ই শামে আল-কায়েদার শাখা হিসেবে জাবহাতুন নুসরার বরকতময় জিহাদ সম্পর্কেও অবগত থাকার কথা।

নুসাইরী কুফফার বাশার আল-আসাদের বিরুদ্ধে শামের মুসলিমদেরকে সুরক্ষা দেওয়া এবং শামের বরকতময় ভূমিতে আল্লাহর শরীয়াহ কায়েমের সুমহান লক্ষ্যে আল-কায়েদার সম্মানিত আমীর হাকীমুল উম্মত শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এর নির্দেশে আল-কায়েদার কিছু মুজাহিদকে ইরাক থেকে শামে জিহাদের জন্য প্রেরণ করা হয়।

ইসলামের আন্তর্জাতিক দুশমন মার্কিন যুক্তরাষ্ট্র ও তার কুফর মিত্রদের চক্রান্ত থেকে শামের মুসলিমদেরকে রক্ষা করার জন্য জাবহাতুন নুসরাহ যে আল-কায়েদার শাখা তা গোপন রাখার নির্দেশ প্রদান করা হয়। হাকীমুল উম্মতের নির্দেশনার আলোকে শাইখ আবু মুহাম্মাদ ফাতিহ আল-জাওলানী হাফি. এর নেতৃত্বে নুসাইরী কুফফার আসাদের বিরুদ্ধে তুমুল লড়াই করতে থাকে জাবহাতুন নুসরাহ। শামের মুসলিম জনতার মুক্তি ও আল্লাহর জমীনে আল্লাহর দ্বীন কায়েমে জাবহাতুন নুসরার অসাধারণ সফলতা ও অসম্ভব জনপ্রিয়তা গোটা শামকে আলোড়িত করে।

এমনি এক মুহূর্তে আল-কায়েদার ইরাক শাখা ইসলামিক স্টেইট ইন ইরাক আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ডকে পাশ কাটিয়ে জাবহাতুন নুসরাহকে তাদের অন্তর্ভুক্ত করে ইসলামিক স্টেইট ইন ইরাক এন্ড শাম (ISIS) এর ঘোষণা দেয়। অতঃপর তৎকালীন ISIS এর এই মনগড়া ঘোষণার ফলে জাবহাতুন নুসরাহ প্রকাশ করতে বাধ্য হয় যে, তারা শামে আল-কায়েদার শাখা।

পরবর্তীতে শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এটি প্রকাশ করার জন্য শাইখ জুলানী হাফি. কে তিরস্কারও করেন। শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. একটি বক্তব্যে বলেছিলেন, শামে আল-কায়েদার উপস্থিতি প্রকাশিত হয়ে যাওয়ায় বিশ্ব-কুফফার আমেরিকা শামের মুসলিমদের উপর আল-কায়েদার অজুহাতে আগ্রাসন চালাতে পারে। এতে শামের জনগণ বলবে, এমনিতেই আমরা আসাদের নির্যাতনে পিষ্ট। তদুপরি আল-কায়েদার কারণে আমেরিকা আমাদের উপর আরো আগ্রাসন চালানোর সুযোগ পেলো।

প্রায় আড়াই বছর আগে দেওয়া শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এই বক্তব্য আজ অক্ষরে অক্ষরে সত্য প্রমাণিত হল।আজ মার্কিন শ্বেত ভল্লুকদের সাথে রুশ ভেড়ার পালও শামের মুসলিমদেরকে নির্মমভাবে হত্যা করে চলছে।

উসিলা একটি, আর তা হচ্ছে এখানে আল-কায়েদা রয়েছে।

অতঃপর শামের জিহাদকে কেন্দ্র করে তৈরি হওয়া সর্বগ্রাসী ফিতনা গোটা দুনিয়ার জিহাদের ময়দানগুলোকে গ্রাস করতে থাকে। যার ধারাবাহিকতায় আমরা আজ ওঝাওঝা এর এই লজ্জাজনক অধঃপতন দেখতে পাচ্ছি যে, যারাই তাদের সাথে দ্বিমত পোষণ করছে, তাদেরকেই তারা তাকফীর করছে অর্থাৎ মুরতাদ বলে আখ্যা দিচ্ছে। এমনকি গ্লোবাল জিহাদের যেই সম্মানিত শাইখ যাকে এই দাওলার মুখপাত্র নিজে 'হাকীমুল উম্মাহ' বলে আখ্যায়িত করেছিলো, সেই শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. কে পর্যন্ত এরা তাকফির করেছে এবং হত্যার ঘোষনা দিয়েছে !

শামের জিহাদকে কেন্দ্র করে মার্কিন-রুশ-ইরানী চক্রান্ত আজ এক চরম বাস্তবতা। গোটা বিশ্ব-কুফফার আজ শামের মুসলিমদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ। শামে যাতে আল্লাহর দ্বীন কায়েম না হয়, সেজন্য আল-কায়েদার শাখা জাবহাতুন নুসরাহকে নির্মূল করতে ইতোমধ্যে মার্কিন-রুশ ঐক্য প্রতিষ্ঠিত হয়েছে। এমতাবস্থায় কুফফার চক্রান্ত রুখতে, শামে আল্লাহর দ্বীন কায়েম করতে এবং মুসলিমদের সুরক্ষা দিতে হাকীমুল উম্মাহ শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি.

এর নির্দেশনার আলোকে নতুন আঙ্গিকে স্বাধীনভাবে স্বতন্ত্র ইমারার অধীনে 'জাবহাতু ফাতহিশ-শাম' নামে জাবহাতুন নুসরার পথচলা শুরু হয়েছে।

২। আল-কায়েদার নীতি ও জাবহাতুন নুসরার স্বতন্ত্র ইমারাহ(নেতৃত্ব)

আল-কায়েদার নীতির ব্যাপারে শাইখ জুলানী হাফি. উনার ভিডিও বার্তায় শাইখ উসামা বিন লাদেন রাহি. এর একটি কালজয়ী উক্তি উপস্থাপন করেন। আর তা হচ্ছে, "বি-আন্না মাছলাহাতাল উম্মাহ মুক্বাদ্দামাতুন 'আলা মাছলাহাতিদ-দাও-লাতিল মুসলিমাহ, ওয়া আন্না মাছলাহাতাদ দাওলাহ মুক্বাদ্দামাতুন 'আলা মাছলাহাতিল জামা'আহ, ওয়া আন্না মাছলাহাতিল জামা'আহ মুক্বাদ্দামাতুন 'আলা মাছালিহিল আশখাছ "

অর্থাৎ নিশ্চয়ই মুসলিম রাষ্ট্রের কল্যাণের উপরে উম্মাহর কল্যাণ প্রাধান্য পাবে, আর নিশ্চয়ই জামা'আর কল্যাণের উপরে মুসলিম রাষ্ট্রের কল্যাণ প্রাধান্য পাবে, আর নিশ্চয়ই ব্যক্তির কল্যাণের উপরে জামা'আর কল্যাণ প্রাধান্য পাবে। (১ মিনিট ১৬ সেকেন্ড থেকে)

শাইখ উসামা রাহি. এর উপরোক্ত কালজয়ী বক্তব্যের আলোকেই শামে জাবহাতুন নুসরার এই নতুন আঙ্গিকে পথচলা। এছাড়া ইতোপূর্বে শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. শামের জিহাদ নিয়ে বলতে গিয়ে কয়েকবার বলেছেন, আল-কায়েদা শামের জনগণকে শাসন করার জন্য জিহাদ করছে না বরং শামের জনগণ যাতে আল্লাহর শারীয়ার অধীনে জীবন অতিবাহিত করতে পারে, সেজন্য আল-কায়েদা লড়াই করছে।

সত্যিকার অর্থে আল-কায়েদা দুনিয়ার কোথাও নিজেদের মনগড়া শাসন কায়েম করার জন্য, কিংবা নিজেরা শাসক হওয়ার জন্য লড়াই করছে না বরং আল্লাহর জমীনে আল্লাহর দ্বীন কায়েমের জন্যই লড়াই করছে।

গত 'মে' মাসের প্রথম দিকে 'ইনফিরু..লিশ-শাম' অর্থাৎ 'শামের (জিহাদের) জন্য বের হোন' শিরোনামে দেওয়া অডিও বার্তায় শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. একদম স্পষ্টভাবে বলেছেন, শামে একটি ইসলামী রাষ্ট্র গঠনের লক্ষ্যে যদি জাবহাতুন নুসরাহকে আল-কায়েদার অধীন থেকে বের হয়ে স্বতন্ত্র নেতৃত্বে চলার প্রয়োজনীয়তা দেখা দেয়, তাহলে তাতে আল-কায়েদার কোনো আপত্তিতো থাকবেই না বরং আল-কায়েদা তাতে সর্বাত্মক সহায়তা করবে। এমনকি সম্ভব হলে স্বয়ং শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. উক্ত ইসলামী রাষ্ট্রের একজন অনুগত নাগরিক হওয়ার আকাংক্ষা পোষণ করেছেন। -উপরোক্ত বার্তার লিংক: http://tinyurl.com/he6g9qr

আর শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এর উপরোক্ত নির্দেশনার আলোকেই কিছুদিন পূর্বে একটি ভিডিও বার্তার মাধ্যমে জাবহাতুন নুসরাহ 'জাবহাতু ফাতহিশ-শাম' নামে নিজস্ব ইমারার অধীনে পথচলার ঘোষণা দেয়।

৩। ভিডিও বার্তায় শাইখ জুলানী হাফি. এর ৫ দফা কর্মসূচীর ঘোষণা

ইমামুল মুজাহিদীন শহীদ শাইখ উসামা বিন লাদেন রাহি. ও শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এর বক্তব্য উল্লেখ পূর্বক জাবহাতুন নুসরার আমীর শাইখ আবু মুহাম্মাদ ফাতিহ আল-জুলানী হাফি. পাঁচদফা কর্মসূচীসহ নতুন ভাবে পথচলার ঘোষণা দেন। উক্ত পাঁচ দফা কর্মসূচী হচ্ছে....

ক। আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা। আল্লাহর শরীয়াহকে বাস্তবায়ন করা এবং সব মানুষের মাঝে ন্যায়বিচার কায়েম করা।

খ। ত্বাগুত (বাশার) এর কাছ থেকে সমস্ত ভূমি মুক্ত করার লক্ষ্যে শামের সব মুজাহিদদেরকে ঐক্যবদ্ধ করা।

গ। শামের জিহাদকে রক্ষা করা এবং বৈধ সকল উপায় ব্যবহারের মাধ্যমে তা চালু রাখা।

ঘ। শামের মুসলিমদের খেদমত করা। তাদের দৈনন্দিন কষ্ট লাঘবে সকল বৈধ উপায় অবলম্বন করা।

ঙ। সাধারণ জনগণের জন্য নিরাপত্তা, স্থিতিশীলতা এবং সম্মানজনক জীবন-যাপন নিশ্চিত করা। উপরোক্ত প্রতিটি কর্মসূচী মূলত আল-কায়েদার গ্লোবাল জিহাদেরই কর্মসূচী। সুতরাং জাবহাতুন নুসরাহ এখনো পর্যন্ত অর্থাৎ গতকালের ঘোষণার মাধ্যমে আল-কায়েদার গ্লোবাল কর্মসূচীর বাইরে এক কদমও যায়নি।

৪। নতুন এই পথচলায় আল-কায়েদার প্রভাব কতখানি ?

প্রথমতঃ এটি শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. প্রদত্ত পূর্বে দেওয়া বক্তব্যের প্রতিফলন, শাম নিয়ে উনার বার্তার লিংক উপরে দিয়েছি।

দ্বিতীয়তঃ শামের জিহাদ ও মুসলিমদের কল্যাণ বিবেচনা করে আল-কায়েদার সেন্ট্রাল কমান্ডই মূলত জাবহাতুন নুসরাহকে স্বাধীনভাবে চলার সুযোগ করে দিয়েছে। এই পরিকল্পনাটি যে পুরোটাই আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ডের তা সরাসরি শাইখ জুলানী হাফি. গতকালের দেওয়া বার্তায় উল্লেখ করেছেন।

তিনি ভিডিওতে বলেন, "আমি শামের জনগণ, শামের জিহাদ এবং শামের বরকতময় বিপ্লবে এই অবস্থান (স্বাধীনভাবে পথচলার সুযোগ) নেওয়ার জন্য 'আমভাবে আল-কায়েদার ভাইদেরকে, নেতৃত্বকে এবং বিশেষভাবে ডাঃ আইমান আয-জাওয়াহিরী হাফি. ও নায়েবে আমীর শাইখ আহমাদ হাসান আল-খাইর হাফি. এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি। শামের জিহাদের যথাযথ কল্যাণ হাসিলে তাদের (অর্থাৎ আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ডের) এই অবস্থান ইতিহাসের পাতায় লিপিবদ্ধ থাকবে।" -ভিডিও বার্তার লিংক https://www.youtube.com/watch?v=oos-sAtDYbrs

অর্থাৎ এই অবস্থান সরাসরি আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ড অর্থাৎ শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এর অনুমতি ও নির্দেশন-াক্রমেই হয়েছে।

তৃতীয়ত ঃ জাবহাতুন নুসরার আমীরের দেয়া ভিডিও বার্তাটি প্রদানের পূর্বে আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ডের নায়িবে আমীর শাইখ আহমাদ হাসান আবুল খাইর হাফি. জাবহাতুন নুসরার নতুনভাবে পথ চলার ঘোষণা দেন এবং তাদের এই পথচলাকে স্বাগত জানিয়ে একটি অডিও বার্তা প্রদান করেন। -অডিও বার্তাটির লিংক (আরবী টেক্সট+ইংরেজি সারাংশসহ) http://tinyurl.com/hsuq9lg

সুতরাং কেউ যদি বলে জাবহাতুন নুসরাহ নিজের সিদ্ধান্তে আল-কায়েদা থেকে বের হয়ে গেছে, সে মিথ্যা ও জালিয়াতির পথ অবলম্বন করেছে। সে তার খায়েশ ও আক্রোশ মিটানোর জন্য এধরণের মিথ্যা ও প্রোপাগান্ডার নিকৃষ্ট পথ অবলম্বন করেছে। সত্য সামনে আসার পরও যে খাহেশাতের অনুসরণ করবে, তার ব্যাপারে কী আর বলার আছে !

চতুর্থত ঃ আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ড কৌশলে আল-কায়েদার অনেক সিনিয়র শাইখগণকে শামের জিহাদ পর্যবেক্ষণের জন্য সরাসরি প্রেরণ করেছেন।

মূলতঃ তারাই এখন শামের জিহাদ পরিচালনা করছেন। উদাহরণস্বরুপঃ গ্লোবাল জিহাদের গুরুত্বপূর্ণ ব্যক্তি শাইখ আবু ফিরাস আস-সুরী রাহি. কে সরাসরি জাবহাতুন নুসরার কেন্দ্রীয় কমান্ডে দায়িত্ব প্রদান, শাইখ উসামা বিন লাদেন রাহি. এর অত্যন্ত ঘনিষ্ট শাইখ রিফাই আহমাদ ত্বহা রাহি. কে সিরিয়ার জিহাদ পরিচালনার জন্য প্রেরণ।

আরো বিস্ময়ের ব্যাপার হচ্ছে, শাইখ জুলানী হাফি. এর ভিডিও বার্তায় উনার ডানপাশে সাদা পোষাক পরিহিত যে শাইখ বসে ছিলেন তিনি হচ্ছেন, শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এর দীর্ঘদিনের সঙ্গী ও গ্লোবাল জিহাদের প্রবীণ ব্যক্তি শাইখ আহমাদ সালামা মাবরুক হাফি.। তিনি সেই আশির দশক থেকে শাইখ আইমান আয-জাওয়াহিরী হাফি. এর সঙ্গী হিসেবে জিহাদে যুক্ত রয়েছেন। তিনি বর্তমানে জাবহাতুন নুসরার কেন্দ্রীয় দায়িত্বে রয়েছেন।

আরেকটি কৌশলের বিষইয়ে না বললেই নয়, আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ডের নায়িবে আমীর শাইখ আহমাদ হাসান আবুল খাইর হাফি. বর্তমানে শামে আছেন বলে ধারণা করা হচ্ছে। জাবহাতুন নুসরার নতুনভাবে পথচলার ঘোষণা সম্বলিত শাইখ আহমাদ হাসান আবুল খাইর হাফি. এর অডিওটি আল-কায়েদার অফিসিয়াল শাখা আস-সাহাব থেকে না দিয়ে জাবহাতুন নুসরার অফিসিয়াল মিডিয়া 'মানারাহ আল-বাইদ্বাহ' থেকে প্রকাশ হওয়ায় ধারণাটি আরো মজবুত হয়েছে। আর শাইখ জুলানী হাফি. উনার ভিডিও বার্তায় এমন কোনো কথা বলেননি যে, আমরা আল-কায়েদার সাথে সম্পর্ক ছিন্ন করলাম। বরং তিনি বলেছেন,

"ইলমান আন্না হাজাত-তাশকীলাল জাদীদ লাইসা লাহু 'আলাক্বাতুন বিআইয়্যি জিহাতিন খারিজিয়্যাহ"

অর্থাৎ জানানো যাচ্ছে যে, বাহিরের কোনো সংস্থা/প্লাটফর্মের সাথে এই নতুন সংগঠনের সম্পর্ক নেই।" (ভিডিও বার্তাটির ২ মিনিট ৪৩ সেকেন্ডে)

আল-কায়েদার কেন্দ্রীয় নেতৃত্ব যদি শামেই থাকেন, তাহলে বাহিরের কারো সাথে সম্পর্ক রাখার দরকার কী ! শামের ভেতরেইতো আল-কায়েদা রয়েছে ! (আল্লাহু আকবার !) কী অসাধারণ শব্দচয়ন !

উপরোক্ত প্রমাণাদির মাধ্যমে এটি দিবালোকের ন্যায় স্পষ্ট যে, জাবহাতুন নুসরার এই অবস্থান সরাসরি আল-কায়েদার তত্ত্বাবধানেই হচ্ছে। আল-কায়েদার নেতৃত্বের বাইরে শরীয়াহ বহির্ভূত কোনো কিছু করলে কিংবা ভ্রষ্টতার নীতি অবলম্বন করলে আল-কায়েদার কেন্দ্রীয় কমান্ড অবশ্যই সে ব্যাপারে উম্মাহকে সতর্ক করবে এবং তাদের সাথে যাবতীয় সম্পর্ক ছিন্ন করবে, যেমনটি ISIS এর ক্ষেত্রে আল-কায়েদা করেছে।

আলহামদুলিল্লাহ্, আল-কায়েদা দলের চেয়ে মুসলিম উম্মাহকে প্রাধান্য দেয়। আর তার চেয়ে অধিক প্রাধান্য দেয় শরীয়াহকে। ISIS এর মতো একটি বৃহৎ শাখার ক্ষেত্রেও আল-কায়েদার এই নীতির কোনো ব্যত্যয় ঘটেনি। সুতরাং জাবহাতুন নুসরার ক্ষেত্রেও এই নীতির কোনো ব্যত্যয় ঘটবে না ইনশাআল্লাহ্।

৫। নতুন এই কৌশলের সম্ভাব্য ফলাফলঃ

এই কৌশলের মাধ্যমে অনেকগুলো কল্যাণ হাসিলের আশা করা যায় ইনশাআল্লাহ্। যেমনঃ-

ক। মার্কিন-রাশিয়া এখন প্রকাশ্যে আল-কায়েদার শাখা হিসেবে বিমান হামলার উসিলা হারাবে। কুফফার চক্র এখন আর মানুষকে বুঝাতে সক্ষম হবে না যে, আল-কায়েদার শাখা হওয়ার কারণে আক্রমণ করা হচ্ছে। সুতরাং কুফফার চক্র এখন হামলা করলে জনগন বুঝবে আল-কায়েদার শাখা হওয়ার জন্য নয় বরং ইসলামের জন্য মার্কিন-রুশ চক্র এই সর্বাত্মক হামলা চালাচ্ছে। ফলে এখন যত হামলা হবে, তত মুজাহিদ বাড়বে ইনশাআল্লাহ।

খ। শামের জনগণের সাথে ব্যাপকভাবে মিশে যাওয়া সম্ভব হবে। এতোদিন শামের বিভিন্ন দল, গোষ্ঠী, মিডিয়া আল-কায়েদার বিরুদ্ধে প্রোপাগান্ডা করার কারণে অনেকে জাবহাতুন নুসরাহকে আল-কায়েদার শাখা হিসেবে বিবেচনা করে দূরে থাকতো। এখন আর তা হবে না ইনশাআল্লাহ।

গ। নতুন এই অবস্থানের মাধ্যমে শামে কারা আল্লাহর শরীয়াহ বাস্তবায়ন করতে চায়, তা একদম স্পষ্ট হবে। এতদিন আল-কায়েদার শাখা থেকে দূরে থাকার নাম করে অনেকে বিভিন্ন বাহানা দেখাতো। এখন সেসব পথ বন্ধ। আশা করি এর মাধ্যমে ঈমান ও নিফাক্ব আলাদা হয়ে যাবে ইনশাআল্লাহ।

ঘ। জাবহাতুন নুসরার আমীর স্পষ্টভাবে বলে দিয়েছেন, আমরা আল্লাহর জমীনে আল্লাহর শরীয়াহ বাস্তবায়নের জন্যই এই নতুন পদক্ষেপ নিয়েছি। সুতরাং এবার কারা শরীয়াহ বাস্তবায়নে অগ্রসর হয়, আর কারা আমেরিকার দালালী করে, তা আরো অধিক স্পষ্ট হবে। যেসব দল আল্লাহর জমীনে আল্লাহর শরীয়াহ বাস্তবায়ন করতে চায়না কিন্তু মুখে দাবী করে, তাদের দল থেকে সত্যপন্থী মুজাহিদগণ ব্যাপক আকারে জাবহাতুন নুসরাহ তথা 'জাবহাতু ফাতহিশ-শাম' এ যুক্ত হবে ইনশাআল্লাহ্।

পরিশেষে আল্লাহ তা'আলার উপর তাওয়াক্কুল করে বলবো, যেই রব্বে কায়েনাত শামের জিহাদকে ব্যাপকভাবে প্রসারিত করেছেন, সেই সুমহান রব শামে শরীয়াহকে বাস্তবায়নের কুদরতী ব্যবস্থা করে দিবেন, এটাই দৃঢ় বিশ্বাস। সকল চক্রান্ত ও ষড়যন্ত্রের জাল ছিন্ন করে বরকতময় শামের মুবারক জিহাদ তার কাঙ্খিত গন্তব্যে পৌছবে ইনশাআল্লাহ। আল্লাহ রব্বুল ইয্যত 'জাবহাতু ফাতহিশ-শাম' কে সেই বরকতময় গন্তব্যে পৌছার পথে কাণ্ডারির ভূমিকায় অবতীর্ণ হওয়ার তাউফীক্ব দান করুন। আমীন, ইয়া রাব্বাল 'আরশিল আযীম।

ABU MOHAMMAD AL-JULANI

এক হাতে কলম অপর হাতে তরবারি

আজকাল একটি বিষয় নিয়ে খুব জোরালো আলোচনা দেখা যাচ্ছে। সোস্যাল মিডিয়া, প্রিন্ট মিডিয়া, ইলেকট্রনিক মিডিয়া সবাই এ আলোচনায় ব্যস্ত যে, আমাদেরকে নতুন প্রজন্মের হাত থেকে অস্ত্র সরিয়ে তাদের হাতে কলম তুলে দিতে হবে। একজন পাকিস্তানী নাগরিক হিসেবে বিষয়টি আমাকে খুবই অবাক করছে। আরো অনেক পাকিস্তানী এমন আছে যারা পাকিস্তানকে মনে প্রাণে ভালবাসে এবং প্রকৃতপক্ষে যারা মুসলিম, এবিষয়গুলো তাদের মনেও নাড়া দিয়ে থাকে।

এখানে একটি বিষয় স্পষ্ট করে নিই, আমারা কলমের বিরোধী নই। কিন্তু একজন মুসলমান তার এক হাতে যদি থাকে কলম তাহলে অপর হাতে তরবারী থাকাই স্বাভাবিক। কেননা অস্ত্র এটা মহানবী সা. এর গরত্বপূর্ণ একটি সুন্নত। তাই মুসলিম হিসেবে অস্ত্রের প্রতি আমাদের ঘৃণা নয় ভালবাসা থাকা চাই। প্রিয় নবী সা. বলে গেছেন, 'নিশ্চয়ই আল্লাহ তাআলা একটি তীরের বিনিময়ে তিনজনকে জান্নাত দান করবেন । ১. প্রস্তুতকারী যে ভাল কাজের (জিহাদের) নিয়ত করবে। ২. শত্রুর দিকে নিক্ষেপকারী। ৩. ঐ ব্যক্তি যে তূনীর থেকে তীরন্দাজের হাতে তীর তুলে দিবে। আর এও বলে গেছেন যে, যে ব্যক্তি তীর চালানো শিখে অবহেলা করে ছেড়ে দিল সে যেন একটি নেয়ামত হাতছাড়া করল বা নেয়ামতের অকৃতজ্ঞতা জ্ঞাপন করল।

আজ যারা জোরালোভাবে অস্ত্রের বিরোধিতা করে যাচ্ছে তারা আমেরিকা, ইসরাইল এবং ভারতকে কি কখনো বলেছে ? তোমরা যে এত বিপুল পরিমাণে বিধ্বংসী অস্ত্র মজুদ রেখেছ এগুলো নষ্ট করে ফেল- যাতে- পৃথিবীতে শান্তি প্রতিষ্ঠিত হয়। অথচ ঐ রাষ্ট্রগুলো তাদের অস্ত্র মুসলমানদের বিরুদ্ধেও ব্যবহার করছে।

কিন্তু এসব সংগঠন এবং মিডিয়াগুলো- যারা অস্ত্রের বিরুদ্ধে প্রচারযুদ্ধে লিপ্ত কাফেরদের এজেন্টদের কখনো এ কথা বলেনি এবং বলবেও না। কেননা তাদের জন্মই হয়েছে মুসলমানদের বিরোধিতা করার জন্য। তাদের উদ্দেশ্যই হল কিভাবে মুসলমানদেরকে কাফেরদের জন্য তরল লোকমা হিসেবে পেশ করা যায়। যেমনিভাবে ফিলিস্তিনের মুসলমানদেরকে ইসরাইলের সামনে নিরস্ত্র ছেড়ে রাখা হয়েছে। যেন ইসরাইল যখন চাবে ফিলিস্তিনে এসে নিজেদের হিংস্রতার প্রকাশ ঘটাতে পারে। অন্যথায় কেন এই সংগঠন-গুলো ইসরাইলে গিয়ে অস্ত্রের বিরুদ্ধে আন্দোলন করছেনা। অথচ এই অস্ত্রের মাধ্যমেই এক ইসরাইলির বদলায় দুই হাজার ফিলিস্তিনীকে শহীদ করা হয়।

অতএব আমাদের উচিত ঐ কাফেরদের কথায় কান না দিয়ে প্রিয় নবী সা. এর জীবনী অধ্যয়ন করা। তাহলে আমরা বুঝতে পারব অস্ত্রের প্রতি তাঁর কতইনা ভালবাসা ছিল। নিম্নের ঘটনা থেকে কিছুটা অনুমান করুন।

'নবী কারীম সা. এর তিরোধানের সময় তাঁর ঘরের অবস্থা ছিল এমন যে, চেরাগ জ্বালানোর মত তেলও মজুদ ছিল না, কিন্তু সে সময়ও হুজুর সা. এর ঘরে নয়টি তলোয়ার ঝুলন্ত ছিল।'

এর মাধ্যমে রাসূল সা. উম্মতকে এ শিক্ষা দিয়েছেন যে, তোমাদের উপর যেমন অবস্থাই আসুক না কেন, তোমরা এই তলোয়ার কে, এই অস্ত্র কে, এই জিহাদের পথকে, কখনো ছেড়ে দিওনা। আর এ কথাও স্মরণ রাখুন যে , রাসূল সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এক নাম তলোয়ার ওয়ালা নবী, অপর নাম যুদ্ধ প্রিয় নবী। প্রিয় নবী সা. বলে গেছেন, 'তরবারীর নিচে রাখা হয়েছে আমার ইজ্জতের রিযিক'। এটাও বলে গেছেন যে, 'জান্নাত তলোয়ারের ছায়া তলে'।

বাস্তবে এ সকল সংগঠন বড় একটি মিশন নিয়ে কাজ করছে। ইসলাম এবং কুফ্‌রের মধ্যকার বিশাল এক রণক্ষেত্র তৈরীতে তারা লিপ্ত। এটা ঐ ময়দান যেখানে ইয়াহুদীদের পক্ষ হয়ে মাঠে নামবে দাজ্জাল। আর মুসলমানদের পক্ষ হয়ে রণক্ষেত্র সজ্জিত করবেন 'মাহদী'। ঐ রণক্ষেত্র প্রস্তুত হওয়ার পূর্বেই এ সংগঠনগুলো চাচ্ছে মুসলমানদের নতুন প্রজন্মকে চিন্তাগত দিক থেকে ধ্বংসের দিকে নিয়ে যেতে। যেন মুসলমানদের নতুন প্রজন্মের চিন্তা-চেতনা অন্ধকারেই থেকে যায়। তারা অস্ত্রকে ঘৃণা করতে থাকে। নিজেদের আসল নেতৃত্ব হারিয়ে ফেলে এবং নামমাত্র মুসলমান হয়ে কুফ্‌রের উপকারিতাকে পূর্ণতার শিখরে পৌছেঁ দেয়।

বাস্তবেই আজ আমরা মনের অজান্তে সে পথেই রওয়ানা হয়েছি। কাফেরদের এজেন্টরা যা বলে কোন বাছ বিচার ছাড়াই সে মোতাবেক কাজ করতে শুরু করে দেই। এ কথা চিন্তা করিনা যে, এর পিছনে তাদের মতলব কি! আপনারা ভুলে গেছেন কি বাগদাদের সেই ইতিহাস, যখন মুসলমানরা কলমের ময়দানে উচ্চতার শিখরে পৌছে গিয়েছিল, কিন্তু আফসোস তারা তলোয়ারকে একেবা-রেই ছেড়ে দিয়েছিল। যার দরুন বিশ্ববাসী দেখেছে, হালাকুখান এসে ঐ মুসলমানদেরকে কিভাবে কচু কাটার মত কেটেছিল। আর হ্যাঁ, কলম ও কিতাব রক্ষার জন্য তলোয়ার না থাকার কারণেই ফুরাত নদী কিতাবের স্তুপে পরিণত হয়েছিল।

আর জিহাদের ক্ষেত্রে নিরাপত্তাহীনতা নিয়ে যে প্রশ্ন ওঠে সে ক্ষেত্রে বলব, 'যদি এ জিহাদকে অনিরাপদ ও অশান্তিপূর্ণ রুপে ব্যক্ত করা হয় তাহলে পৃথিবীর বুকে শান্তি ও নিরাপত্তা কখনো প্রতিষ্ঠিত হবে না।' কেননা রাসূল সা. বলে গেছেন যে, এ জিহাদ ক্বিয়ামত পর্যন্ত চলবে। আল্লাহ তাআলা কি এ ফিতনার ব্যাপারে আমাদেরকে পূর্বেই সতর্ক করে দেননি ? কোরআনের এত স্পষ্ট আয়াত দেখেও আমরা কিভাবে কাফেরদের প্ররোচনার শিকার হই। আল্লাহ তাআলা বলেন,

وَدَّ الَّذِينَ كَفَرُواْ لَوْ تَغْفُلُونَ عَنْ أَسْلِحَتِكُمْ وَأَمْتِعَتِكُمْ فَيَمِيلُونَ عَلَيْكُم مَّيْلَةً وَاحِدَةً

'শত্রুরা কামনা করে তোমরা তোমাদের অস্ত্র-শস্ত্র ও আসবাব-পত্র থেকে উদাসীন হয়ে থাক যাতে তারা তোমাদের উপর একযোগে হামলা করতে পারে'।

এসব কথিত শান্তিবাহক সংগঠনগুলোর জন্মই এ উদ্দেশ্যে হয়েছে, যেন তারা মুসলিম জাতির ভিতরে নড়বড়ে করে দিতে পারে। যেন কাফেররা রক্তপিপাসু হিংস্র প্রাণীর ন্যায় মুসলমানদের উপর ঝাঁপিয়ে পড়তে পারে এবং মুসলমানরা কাফেরদের লোকমায় পরিণত হয়।

এরপর যখন ভারত পাকিস্তানের উপর হামলা করে বসবে কারন কাফেররা মুসলমানদের অস্তিত্বই সহ্য করতে পারেনা। তখন আমরা বুঝতে পারব যে এ এজেন্টগুলো আমাদের কী ক্ষতি করে গেছে। কিন্তু তাতে কোন লাভ হবেনা। কেননা ততক্ষণে উঁইপোকা আমাদের ভিত সাবাড় করে ফেলবে।

আজ শান্তিপ্রিয়তার পাঠ দানকারীরা একথা বলে বেড়ায় যে, ইসলামের প্রচার-প্রসার হয়েছে তলোয়ারের জোরে নয়, আখলাকের জোড়ে। এখানে আমি সালাহ্উদ্দীন আইয়ূবী রহ. এর একটি কথা উদ্ধৃত করছি, তিনি বলেন, 'আমি জানিনা ইসলাম কি তলোয়ারের জোরে ছড়িয়েছে না আখলাকের জোড়ে; কিন্তু ইসলামের হেফাযতের জন্য তলোয়ারকে আমি আবশ্যকীয় মনে করি।'

একজন মুসলিম হিসেবে আমাদের একথা স্মরণ রাখতে হবে যে, রাসূল সা. এর চেয়ে উত্তম চরিত্রের অধিকারী কেউ পৃথিবীতে কখনো আসেনি এবং আসবেওনা। সুতরাং যখন তিনি তাঁর উত্তম চরিত্রের মাধ্যমে লোকদের সঠিক পথে আনতে পারেন নি এবং আল্লাহ তাআলা তাকে আদেশ করলেন তাদের বিরুদ্ধে তলোয়ার হাতে নেয়ার। ফলে সেই তলোয়ারের জোরেই মক্কা ও ইসলামের বিজয় হল। তাহলে এ লোকগুলো আজ কিভাবে একথা বলছে যে, এখন তলোয়ারের প্রয়োজন নেই। অথচ আল্লাহ তাআলা এই তলোয়ারের জয়কেই বাস্তবিক অর্থে জয় বলে আখ্যায়িত করেছেন। লক্ষ্য করুন সূরায়ে নাসরের দিকে, সেখানে কোন জয়ের কথা বলা হয়েছে যার পর মানুষ দলে দলে ইসলামে প্রবেশ করতে শুরু করেছে। সেটাওতো ছিল তলোয়ারের জয়।

হযরত আবু বকর সিদ্দীক রাযি. যাকাত আদায়ে অস্বীকারকারীদের বিরুদ্ধে যুদ্ধ করে কিয়ামত পর্যন্ত সময়ের জন্য এ বিষয়ের সমাধান দিয়ে গেছেন যে, ইসলামের রীতি নীতিতে কোন ধরনের সমস্যা সৃষ্টি ও কাঁট-ছাট করা কিছুতেই সহ্য করা হবেনা। কেননা ইসলামের নীতিতে কোন ধরনের পরিবর্তনের সুযোগ নেই। তাই ইসলামের প্রচারের ক্ষেত্রে যদি আমরা তলোয়ারের ভূমিকা বাদ দিয়ে দেই, তাহলে (নাউযুবিল্লাহ) দীনের স্বার্থে সাহাবাদের কুরবানীকে অনর্থক বলা হবে। কেননা তারা এই তলোয়ারকেই ব্যবহার করেছেন, এর মাধ্যমেই অধিকাংশ এলাকা জয় করেছেন এবং এর মাধ্যমেই মন্দকে প্রতিহত করেছেন। এর পর যখন বিজয়ী বেশে কোন দেশে প্রবেশ করেছেন তখন কাফেররা মুসলমানদের উত্তম গুনাবলী দেখে দলে দলে ইসলামে প্রবেশ করেছে। এখানে এ বিষয়টি স্পষ্ট হয়ে গেল যে, ঐ দায়ীই সফল হবে যার দাওয়াতের পেছনে থাকবে তলোয়ার। মুফতি শফী রহ. তাঁর তাফসীরগ্রন্থ মাআরেফুল কোরআনে এ আয়াত :

كُنتُمْ خَيْرَ أُمَّةٍ أُخْرِجَتْ لِلنَّاسِ تَأْمُرُونَ بِالْمَعْرُوفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنكَرِ

এর ব্যাখ্যায় বলেন, মুহাম্মাদ সা. এর উম্মত সর্বশ্রেষ্ঠ উম্মত। একারণে যে তাদের দাওয়াতকে কেউ ঠেকাতে পারবেনা। কেননা তাদের দাওয়াতের পেছনে রয়েছে জিহাদের শক্তি। যে ব্যক্তি তাদের দাওয়াত কবুল না করবে তাকে জিহাদের মাধ্যমে দমন করা হবে। পূর্ববর্তী উম্মতের মাঝে দাওয়াত তো ছিল, কিন্তু তাদের দাওয়াতের পেছনে জিহাদের পাওয়ার ছিলনা।

হযরত ইদ্রীস কন্দলবী রহ. তার "সিরাতে মুস্তোফা" নামক গ্রন্থে বলেন, ভালোকথা ও সদুপদেশ অবশ্যই প্রভাব ফেলে, তবে তা সুস্থ বিবেকবানদের উপর। আর যাদের বিবেক নষ্ট হয়ে গেছে তাদেরকে আপনি যতই একনিষ্ঠতা ও সহানুভূতির সাথে সুন্দর থেকে সুন্দর উপদেশ দান করুননা কেন, তা তাদের উপর কোন প্রভাবই ফেলবেনা। কারণ মানব জাতির স্বভাব এক ধরনের নয়। এজন্যই আল্লাহ তাআলা কারো জন্য নাযিল করেছেন কিতাব আর কারো জন্য দিয়েছেন লোহা।

ফোকাহায়ে কেরাম তো এটাও বলেছেন যে, যে সমস্ত অঞ্চল জিহাদের মাধ্যমে বিজিত হয়েছে সেখানে খতীবগণ তলোয়ার হাতে খুতবা দিবেন; মানুষকে একথা জানান দেয়ার জন্য যে, এ এলাকাটির জয় তলোয়ারের মাধ্যমে হয়েছে। আর কেউ যদি ইসলাম ত্যাগ করতে চায় তাহলে সে যেন একথা ভেবে নেয় যে, এখনো মুসলমানদের হাতে ঐ তলোয়ার রয়েছে যা মুরতাদদের মস্তিস্ক ঠিক করে ফেলবে।

হে আমার ভাই,এ অস্ত্রকে ভালোবাস, তাকে কখনো পরিত্যাগ করো না। তুমি একটু পাকিস্তানের ইতিহাসের দিকে তাকাও! দেখ, যখন মুসলমানরা হিন্দুস্তান থেকে হিজরত করে পাকিস্তান আসছিল তার কিছুকাল পূর্বে হিন্দুরা মুসলমানদের থেকে এই বলে পুলিশের মাধ্যমে অস্ত্র তুলে নেয় যে, তোমাদের ব্যাপারে আমাদের আশংকা হচ্ছে তাই তোমাদের অস্ত্রগুলো আমাদের কাছে জমা দিয়ে দাও। আমরা তোমাদের নিরাপত্তা দেব। তখন অনেক সরলমনা মুসলমান তাদের কথায় অন্ধ বিশ্বাস করে নিজেদের অস্ত্র জমা দিয়ে দেয়। কিন্তু তারপর কী হয়েছিল ? সেই হিন্দুরাই শিখদের সাথে মিলে মুসলমানদের শহীদ করেছিল। নারীদের লাঞ্ছিত করেছিল। এই অস্ত্রের কারণেই লাখো মুসলমানের জীবনকে কুরবানী দিতে হয়েছিল।

আল্লাহ্কে ভয় করো! নিজেদের সন্তানদেরকে ইসলামের সঠিক ইতিহাস শিক্ষা দাও। তাদেরকে স্মরণ করিয়ে দাও ইসলামের সোনালী যুগের কথা। হযরত ওমর রাযি. এর বিজয়ের ঘটনাগুলো শুনাও তাদেরকে। যখন মুসলিম জাতি ছিল উর্ধমুখী। মুসলমানরা ছিল জয়ী। মসজিদে আকসা ছিল আযাদ। মসজিদে আকসা যতবার আযাদ হয়েছে তলোয়ারের জোরেই হয়েছে।

প্রিয় ভাই, তোমার সন্তান মুজাহিদ হয়ে যাবে এটা কি লজ্জার বিষয়? মুজাহিদ হয়ে সে আত্মমর্যাদাশীল হবে। কেননা, যখন সে মুজাহিদ হবে তখন কাফেররা তার ভয়ে কাঁপতে থাকবে। কেউ আর আমাদের প্রিয় নবী সা. এর সাথে বেয়াদবি করার দুঃসাহস দেখাবেনা। কেউ কোরআনের অবমাননা করার চেষ্টাও করবেনা। তার সামনে তার মুসলিম বোনের গায়ে হাত দেয়ার কল্পনাও করবেনা। ভাই তোমার সন্তান ভীতু নয় সিংহের মত সাহসী বীর হওয়া চাই। গাঁধা নয় শক্তিশালী ঈগলের ন্যায় চৌকান হওয়া চাই। আর এমনটা তখনই সম্ভব যখন তার এক হাতে কলম ও অন্য হাতে তলোয়ার থাকবে। এবং অন্তরে থাকবে ঈমানী মূল্যবোধ, তার শিরা উপশিরায় দৌঁড়াবে ইসলামের প্রতি খাঁটি ভালোবাসার খুন।

তখন পৃথিবীর কোন শক্তিই আর মুসলমানদেরকে পরাজিত করতে পারবেনা। হয়ত এ কথাগুলো আজ তোমাদের কাছে অর্থহীন মনে হবে, কিন্তু আগামীতে একথাগুলোই তোমাদের কাছে বাস্তবে রূপান্তরিত হবে। সুতরাং তোমাদের সন্তানদেরকে কাফেরদের সন্তানদের সাথে মিশতে দিওনা। তাদেরকে কাফেরদের মোকাবেলা করার জন্য প্রস্তুত কর। পরিশেষে শায়েখ আব্দুল্লাহ আয্যাম রহ. এর একটি উক্তি দিয়ে শেষ করছি- 'নিজের ঘরকে মুরগির খামার বানিওনা; বরং সিংহের গুহা বানাও। কেননা মুরগি যত বড়ই হোক না কেন এক দিন ছুড়ির নিচে তাকে জবাই হতে হবে।'

আমাদের বোধোদয় কবে হবে?

আবু আব্দুল্লাহ

সেই ছোটকাল থেকেই একটি ঘটনা শুনতে শুনতে বড় হয়েছি, তাতারীরা যখন বাগদাদ অবরোধ করে রেখেছিলে তখন বাগদাদের উলামায়ে কেরাম 'কাকের গোস্ত খাওয়া জায়েয, না জায়েয নয়' এই বিতর্কে ব্যস্ত ছিলেন।

প্রথমে প্রথমে এ ঘটনা অবিশ্বাস্য মনে হতো, কিন্তু এখন যখন আমাদের ছোট ছোট শাখাগত মাসআলা নিয়ে বাড়াবাড়ি দেখি তখন আর এ ঘটনা অবিশ্বাস্য মনে হয় না।

কাফেররা আফগানিস্তান-ইরাক, লিবিয়া-সিরিয়ায়, মালি- সোমালিয়া, ইয়েমেন-পাকিস্তানে সম্প্রসারণ বাড়াতে বাড়াতে কাশ্মীর-আসাম হয়ে আরাকানে আমাদের একেবারে নাকের ডগায় এসে উপস্থিত; তবুও আমাদের ইখতেলাফ শেষ হয় না। আমাদের ভূ-খন্ড যত বেশি আক্রান্ত হচ্ছে আমাদের ইখতেলাফ ততো বেড়ে চলছে।

কথায় আছে, 'হিন্দুদের বার মাসে তের পার্বন'!

আর আমাদের বার মাসে কতো ইখতেলাফ তা একমাত্র আল্লাহই ভালো জানেন।

মুসলিমবিশ্ব আক্রান্ত হবে তবুও আমাদের ইখতেলাফ শেষ হবে না! কাফেররা আমাদের নাকের ডগায় উপস্থিত হবে; তবুও আমরা ইখতেলাফ চালিয়ে যাবো। কসাই মোদী এসে এদেশকে কিনে নিয়ে যাবে তবুও আমাদের ইখতেলাফ ক্রমশ বাড়তে থাকবে। তাহলে কি আমাদের ইখতেলাফ ততোদিন চলবে যতদিন না দিল্লীর মুশরিক সেনাদের বুটের আওয়াজে আমাদের প্রভাতের ঘুম ভাঙ্গবে??

SHAYKH ANWAR AL AWLAKI (R.)

"মুসলিম উম্মাহ যখন ঘোরতর কঠিন সমস্যায় পতিত,
তখন আমাদের মোটেই উচিৎ নয় ছোটখাটো বিষয়গুলো নিয়ে
যুক্তি ও তর্কে লিপ্ত হওয়া।"

চিন্তাশীলদের জন্য এতে রয়েছে ভাবনার খোরাক

যুবায়ের হোসাইন

যে ব্যাপারটা আমার অত্যন্ত দুঃখজনক মনে হয় সেটা হল কাফের বা ইসলামবিদ্বেষীদের সাথে কথা বলার ক্ষেত্রে আমরা কেন যেন ডিফেনসিভ হয়ে যাই। যেখানে স্বয়ং আল্লাহ্ আমাদের সর্বশ্রেষ্ঠ জাতি বলে স্বীকৃতি দিচ্ছেন, সেখানে আমরা কেন কুফ্ফার শক্তির সামনে মাথা উঁচু করে চলতে পারি না, আমার বোধগম্য হয় না।

যেমন 'I am a Muslim and I am not a terrorist.' বাক্যটা বহুল প্রচারিত। আমি এ কথাটাকে খুবই অপছন্দ করি। কারণ এর মাধ্যমে যেন আমরা কাফেরদের কাছে করজোরে বলছি- 'বিশ্বাস কর আমি টেররিস্ট নই'। এরকম রক্ষণাত্মক আমরা কেন থাকব? টেররিসমের প্রশ্ন হলে 'মুসলিমরা সন্ত্রাসী নয়' বলে আত্মপক্ষ সমর্থন না করে আমাদের উচিত কুফ্ফারদের ধ্বংসযজ্ঞ ও হত্যার ইতিহাস, রাজনীতি তুলে ধরে বলা-'সন্ত্রাসীর বাপ তো আপনারা, অন্যকে সন্ত্রাসী বলার আপনি কে??'

আজকে হিজাব নিয়ে ইসলামবিদ্বেষীরা কটাক্ষ করলে মুসলিমরা 'হিজাব একটি বিজ্ঞানসম্মত বিষয়' জাতীয় প্রবন্ধ লেখাকে বুদ্ধিবৃত্তিক জবাব দেওয়া মনে করে। কিন্তু এটা কি কাফেরদের এন্টারটেইন করা হল না?? আমাদের বরং এসকল ইসলামবিদ্বেষীদের হিপোক্রেসি আর নারী-ব্যবসার চোখে আঙ্গুল তুলে বলা দরকার 'যারা মেয়েদের উলঙ্গ করে রাস্তায় ছেড়ে দেয়, তীব্র শীতের মধ্যেও কাপড় ছোট না করলে যেখানে মেয়েরা দাম পায় না; সেই লোকেদের নারীর অধিকার নিয়ে কথা বলার সাহস কী করে হয়??'

কাফেররা বিজ্ঞানের দোহাই দিয়ে ইসলামের বিরুদ্ধে বলার চেষ্টা করে। আমাদের ধর্মের কোন বিধানকে বিজ্ঞান দিয়ে তারা 'অযৌক্তিক' প্রমাণ করতে পারবে না সেটা তারাও জানে, আমরাও জানি। কিন্তু তারা আমাদের বিশ্বাসের ভিত্তিকে 'কুরআন' ও 'রিসালাত' থেকে সরিয়ে 'বিজ্ঞান' দিয়ে রিপ্লেস করতে চায় বিধায় সুকৌশলে কথায় কথায় বিজ্ঞান টেনে আনার প্রবণতা সৃষ্টি করার প্রয়াস পায়। অথচ তারা নিজেরাও কিন্তু বিজ্ঞানে বিশ্বাস করে না। তারা মদ খায় কেন? এটা কি বিজ্ঞানসম্মত? তারা যেসব যৌনাচার করে, সেসব কি বিজ্ঞান অনুমোদন দেয়? তারা হিজাবের ব্যাপারে ভিটামিন ডি এর প্রতিবন্ধকতার কথা বলে, কিন্তু শরীর খোলা রাখায় ক্যান্সারের সৃষ্টি নিয়ে যে লক্ষ লক্ষ জার্নাল প্রকাশিত হচ্ছে, সেই ব্যাপারে কথা বলে কি? আমরা কি এই ব্যাপারগুলো তুলে ধরতে পারি না?

মোটকথা, আমাদের রক্ষণাত্মক মানসিকতা থেকে বেরিয়ে আসা উচিত। কাফেরদের কাছে মুসলিমদের 'নির্দোষ', 'শান্তিপ্রিয়' প্রমাণের চেষ্টা না করে আমরা যেন তাদের ভন্ডামি আর নরপশুত্ব তুলে ধরে 'কাফেরদের প্রতি মুসলিমদের কেন এর চেয়েও কঠোর আচরণ করা উচিত'-তা ব্যাখ্যা করার চেষ্টা করি। মানসিক দিক দিয়ে পিছিয়ে পড়ে কাফেরদের বিরুদ্ধে জয়ী হওয়া সম্ভব নয়।

ইতিহাস কথাবলে...

হযরত নূহ আ. যখন কিস্তি তৈরি করছিলেন, তখন সে সময়ের কাফেররা তাঁকে নিয়ে হাসি-ঠাট্টায় মেতেছিল। সাহাবায়ে কেরাম রাযি. যখন রোম পারস্য বিজয়ের কথা বলেছিলেন, তখন সে সময়ের কাফেররা তাঁদেরকে নিয়ে উপহাস করেছিল। নূহ আ. এর কিস্তি কি কাজে আসেনি? সাহাবায়ে কেরাম রাযি. এর কথার কি প্রতিফলন ঘটেনি? কিন্তু সেই সব হাসি-ঠাট্টা আর উপহাসকারীদের শেষ পরিণতি কী হয়েছিল?

ভারতীয় উপমহাদেশে বৃটিশ বেনিয়ারা যখন উলামায়ে কেরামদের ফাঁসীর কাষ্ঠে ঝুলাচ্ছিল, তখনো কিছু উলামা লেবাস ও নামধারী লোক স্বর্গসুখে ছিল। ওরা সর্বদা নিজেদের যুগের শ্রেষ্ঠ জ্ঞানী, শ্রেষ্ঠ বুদ্ধিমান মনে করে। সংখ্যায় এবং ক্ষমতায় অপ্রতিদ্বন্দ্বী মনে করে।

কথায় নয়, কাজেই হবে তাদের মোকাবেলা- ইনশাআল্লাহ

জুলুমের পরিণাম................

ইতিহাসে এই বাস্তবতা বারবার পরিলক্ষিত হয়েছে যে, জালিমরা যখন তাদের জুলুমের রাজত্ব কায়েম করে, বেপরোয়াভাবে জুলুম চালিয়ে যায়, জুলুমের পথেই সে বিজয় খুঁজে; পতন তখনি তার চোখের সামনে দৃশ্যমান হয়। যে জুলুমকে সে ক্ষমতা পাকাপোক্ত করার মাধ্যম বানায়, যেটাকে সে উত্থানের সোপান নির্ধারণ করে; সেটিই হয় তার পতনের সিঁড়ি।

এভাবেই পতন হয়েছিলো জালিম ফেরআউনের, যখন সে হযরত মুসা আলাইহিস সালামের পিছু ধাওয়াকে নিজের চূড়ান্ত বিজয় মনে করেছিলো।

এভাবে পতন হয়েছে আবু জাহলের, যখন সে ইসলামের কফিন রচনার প্রত্যয়ে ঔদ্বত্যভাবে বদরপ্রান্তে গিয়েছিলো। এভাবে পতন হয়েছে হিটলার-মুসোলিনির। এভাবেই পতন হয়েছিল একদলীয় শাসনের। সুতরাং এ পথ বেয়েই অন্য জালিমের পতন আসবে।

যারা মানুষের মৌলিক অধিকারকে পণ্য বানায়, অধিকার যাই হোক। যারা মানুষের চলার পথ চুষে খায়, সে চলা যে পথেই হোক। যারা মানুষের রক্ত ও অশ্রুর উপর নিজের ক্ষমতা পাকাপোক্ত করতে চায়। তাদেরকেই হিটলার-মুসোলিনি, ফেরআউন-আবু জাহলের পরিণাম স্বাগত জানায়। যদিও তারা এটাকে উত্থানের সোপান মনে করে, নিজের জুলুমের প্রাসাদকে শয়তানের বেহেশত মনে করে। প্রকৃতপক্ষে এটাই হয় তাদের জন্যে স্বহস্তে নির্মিত কবরের প্রথম পদক্ষেপ, যা ক্রমান্বয়ে গভীর হতে থাকে।

যে স্বহস্তে নিজের কবরকে যত গভীরভাবে খনন করবে, তাকে তত গভীরেই প্রোথিত করা হবে। একেবারে ইতিহাসে আস্তারকুড়েই তাকে দাফন করা হবে। ইতিহাস তাকে চেঙ্গিস-হালাকু খাঁ, হিটলার-মুসোলিনির তালিকায় স্থান দিবে।

সালাফদের জীবনী

স্মৃতির পাতায় আকাবির উলামা

আবদুল্লাহ ইবনে মুবারক রহ.

আবদুল্লাহ ইবনে মুবারক রহ. মুজাহিদ, আলেম, আবেদ, যাহেদ, দানশীল, খোদাভিরু, এ সবগুলো পরিচয়েই সমানভাবে পরিচিত। একটাকে আর একটার চেয়ে প্রাধান্য দেওয়া কঠিন। তবুও তাঁর মুখ্য পরিচয় হিসেবে ইলম ও জিহাদের কথা বিশেষভাবে উল্লেখ করতেই হয়। অর্থাৎ, তাঁর মুখ্য পরিচয় হল তিনি তাঁর সময়ের অন্যতম শ্রে' আলেম ও শ্রেষ্ঠ মুজাহিদ। তাঁর ইলমের মজলিসে নানা দেশ থেকে হাজার হাজার ছাত্ররা এসে ভীড় করতো এবং তাকে এক নজর দেখার জন্য দূর দুরান্ত থেকে মানুষ ছুটে আসতো। অনুরুপভাবে জিহাদের ময়দান থেকে তাঁর ভয়ে শত্রু-পক্ষের অনেক বড় বড় বীর যোদ্ধারা ময়দান ছেড়ে পলায়ন করতো।

তাঁর ইলমের মজলিসের একটি ঘটনা : একবার বাদশাহ হারুনুর রশীদ তার স্ত্রীকে নিয়ে রাক্কায় ভ্রমণ করলেন। ঠিক ঐ সময়টাতে আব্দুল্লাহ ইবনে মুবারক ও রাক্কায় অবস্থান করছিলেন। তাঁকে এক নজর দেখার জন্য, তাঁর ইলমের মজলিসে একটু সময় বসার জন্য হাজার হাজার মানুষ এসে ভীড় করল। এতো মানুষ এক জায়গায় ভীড় করতে দেখে বাদশা-পত্নী তার পাশে থাকা কাউকে জিজ্ঞাসা করল, কী হয়েছে এখানে এতো মানুষের ভীড় কেন ? তাকে বলা হল, এখানে খোরাসানের আলেম আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. এসেছেন। তাই তাকে দেখতে এতো মানুষের ভীড় হয়েছে। তখন বাদশা-পত্নী বলল, 'খোদার কসম বাদশাহী তো এটাকেই বলে।'

দেখুন, তাঁর মৃত্যুর সংবাদ শুনে স্বয়ং বাদশাহ হারুনুর রশীদ কী বললেন । ১৮১ হিজরিতে জিহাদ থেকে ফেরার পর রমজান মাসের কোন একদিন তাঁর ইন্তেকাল হল। তাঁর ইন্তেকালের সংবাদ শুনে বাদশাহ হারুনুর রশীদ বলেন, 'আল্লাহর কসম সাইয়্যিদুল উলামার ইন্তেকাল হল'

এবার আসুন জিহাদের ময়দানে তাঁর কিছু বিরত্বের কথা নিয়ে আলোচনা করি।

উবাদা ইবনে সুলাইমান বলেন এক যুদ্ধে আমি আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. এর সাথে ছিলাম। উভয় বাহিনী মুখোমুখি দাঁড়ানোর পর শত্রু-পক্ষের এক লোক অগ্রসর হয়ে দ্বন্দ্ব যুদ্ধের আহ বান করল। অতঃপর মুসলমানদের এক লোক অগ্রসর হতেই সে তাকে হত্যা করে ফেলে। এভাবে তিনজন শহীদ হওয়ার পর মুসলমানদের মধ্য থেকে কাপড়ে চেহারা ঢাকা এক বীর যোদ্ধা এগিয়ে গেলেন এবং অল্প কিছুক্ষণের মধ্যেই তাকে হত্যা করে ফিরে এলেন। অতঃপর লোকেরা তাকে ঘিরে ধরল; কিন্তু মুখের উপর কাপড় থাকার কারণে তাকে চেনা যাচ্ছিল না। তখন আমি তার কাপড় ধরে টান দিয়ে মুখের কাপড় সরিয়ে দেখি ইনি আব্দুল্লাহ ইবনে মুবারক রহ.।

আরেকটি ঘটনা :

আব্দুল্লাহ ইবনে সিনান বলেন, আমি একবার আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. এর সাথে তারতুসে অবস্থান করছিলাম। ইতিমধ্যে জিহাদের ডাক এসে গেল। তখন তিনি জিহাদে বের হয়ে গেলেন। অতঃপর দুই বাহিনী মুখোমুখি অবস্থান নেওয়ার পর শত্রু শিবির থেকে এক লোক অগ্রসর হয়ে দ্বন্দ্ব যুদ্ধের আহ বান করল। তখন এক মুসলিম যোদ্ধা সামনে অগ্রসর হল, আর কিছুক্ষণের মধ্যেই শহীদ হলেন। এরপর সে আবারও দ্বন্দ্ব যুদ্ধের আহ বান করল। এভাবে একে একে ছয় জনকে হত্যা করার পর দুই বাহিনীর মাঝখানের ফাঁকা জায়গায় বুক ফুলিয়ে তরবারীউচিয়ে অহংকারের সাথে ছুটাছুটি করতে লাগল আর মুসলমানদের দ্বন্দ্ব যুদ্ধের আহ বান করছিল। কিন্তু কেউ সামনে অগ্রসর হচ্ছিল না। তখন আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. সামনে অগ্রসর হয়ে তাকে হত্যা করলেন এবং একইভাবে কাফেরদের থেকেও ছয়জনকে হত্যা করার পর যখন আর কেউ সামনে আসার সাহস পাচ্ছিল না তখন তিনি দ্রুত ঘোড়া নিয়ে দূরে নির্জন এক জায়গায় চলে গেলেন। তখন আমি তার পিছে পিছে গেলাম। আমাকে দেখে তিনি বললেন, আব্দুল্লাহ! তোমার কাছে আমার অনুরোধ, আমার এ কথা কাউকে বলবে না। অন্ততপক্ষে আমার জীবদ্দশাতে নয়।

আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. ইলম অর্জন ব্যতীত বসে থাকাকে পছন্দ করতেন না। তাকে একবার জিজ্ঞাসা করা হয়েছিল, আপনি আর কত ইলমের জন্য ছুটবেন ? তিনি বলেছিলেন ইনশাআল্লাহ মৃত্যু পর্যন্ত।

তিনি ঐ সকল লোকদের ব্যাপারে বলতেন যারা ইলম অর্জনে গাফেল- 'ইলম অর্জন ব্যতীত মানুষ কিভাবে মহৎ হতে চায়।'

অনুরুপভাবে তিনি জিহাদ ব্যতীত ঘরে বসে থাকাকে ঘৃণা করতেন। তাইতো তিনি ইলম অর্জনের জন্য যে এলাকাতেই ভ্রমণ করেছেন, আর সেখানে জিহাদের ডাক এসেছে; তিনি সব কাজ ফেলে আগে জিহাদে শরীক হয়েছেন।

তিনি জিহাদ ছেড়ে ঘরে বসে ইবাদতরত দরবেশদের তিরস্কার করে বলেন,

أيها الناسك الذي لبس الصوف *** وأضحي يُعد في العباد
إلزم الثغر والتعبد فيه
ليس بغداد مسكن الزهاد إن بغداد للملوك محل *** مناخ للقارئ الصياد

হে দামী পশমী কাপড় পরিধানকারী এবং কুরবানির গোস্ত বক্ষণকারী আবেদ- দরবেশ ! সিমান্তে গিয়ে ইবাদত বন্দেগী কর, বাগদাদ তো যাহেদ-দরবেশদের থাকার জায়গা না। বাগদাদ তো রাজা-বাদশা আর চাটুকারদের স্থান।

আব্দুল্লাহ ইবনে মুবারক রহ. একবার এক সিমান্তবর্তী অঞ্চল থেকে আবেদুল হারামাইন নামে পরিচিত বিখ্যাত সূফী ফুযাইল ইবনে ইয়াজ রহ. কে উদ্দেশ্য করে একটি চিঠিতে লিখেন,

---

يا عابد الحرمين لو أبصرتنا لعلمت أنك في العبادة تلعب

ওহে আবেদার হারামাইন (মক্কা মদীনায় ইবাদতকারী) ! তুমি যদি আমাদের ইবাদত দেখতে তাহলে বুঝতে পারতে আমাদের ইবাদতের তুলনায় তোমার ইবাদতগুলো খেলনা-ছলনা মাত্র।

من كان يخضب خده بدموعه فنحورنا بدمائنا تتخضب

ইবাদতের অতিশয্যে (তোমাদের) অশ্রু দিয়ে গাল ভিজে , আর আমাদের গ্রীবা রক্তে রঞ্জিত হয়।

أو كان يتعب خيله في باطل فخيولنا يوم الصبيحة تتعب

তোমাদের ঘোড়া গুলো বেহুদা বোঝা বহন করতে করতে ক্লান্ত হয় , আর আমাদের ঘোড়া গুলো যুদ্ধের দিন ভোর বেলা যুদ্ধ করতে করতে ক্লান্ত হয়।

ريح العبير لكم ونحن عبيرنا رهج السنابك والغبار الأطيب

তুমি যখন ইবাদত করতে বস, তখন মেশকের সুগন্ধি ব্যবহার করে বস। আর আমাদের সুগন্ধি হচ্ছে, ঘোড়ার পদাঘাতে নির্গত অগ্নিস্ফুলিঙ্গ এবং যুদ্ধের ময়দানের ধুলা বালি।

لقد أتانا من مقال نبينا قول صحيح صادق لا يكذب

আর যেন রাখ! আমাদের ধুলাবালি সম্পর্কে আমাদের কাছে নবীজীর সত্য সঠিক বাণী এসেছে, যা কখন মিথ্যা হওয়ার নয়। আর তা হচ্ছে,

لا يستوي وغبار خيل الله في أنف امرئ ودخان نار تلهب

'যুদ্ধের ময়দানের ধুলা বালি আর জাহান্নামের প্রজ্জলিত আগুনের ধোঁয়া কোন ব্যক্তির নাকে কখনই একত্রি হবে না।'

هذا كتاب الله ينطق بيننا ليس الشهيد بمية لايكذب

আর কিতাবুল্লাহ আমাদের ব্যাপারে এই বিষয়টি স্পষ্ট করে দিয়েছে, 'শহীদরা মৃত নয়।' আর কিতাবুল্লাহ কখনও মিথ্যা বলে না।

ফুযাইল ইবেন ইয়ায রহ. এর নিকট যখন এই চিঠি পৌছল তখন তিনি এই চিঠি পড়ে অশ্রুসিক্ত অবস্থায় বলেন, আবু আব্দুর রহমান ঠিকই বলেছে এবং আমাকে সৎ উপদেশ দিয়েছে।

বদরের যুদ্ধ

বদর যুদ্ধ ছিল ইসলামের ইতিহাসের অন্যতম প্রধান একটি যুদ্ধ। ইসলামী ইতহাসের মহান সকল যুদ্ধই এর ওপর প্রতিষ্ঠিত। শুধু তাই নয় পুরো ইসলামই তো বদর যুদ্ধের ওপর দাঁড়ানো। তাই রাসূল সা. এর যুদ্ধাভিজানের সিরিজ আলোচনা বদর যুদ্ধ দিয়েই শুরু করছি।

কুরাইশদের অর্থনৈতিক শক্তির মূলে ছিল, সিরিয়ার সাথে তাদের শক্তিশালী বাণিজ্যিক সম্পর্ক। এই অর্থনৈতিক দম্ভ-অহংকার এবং এ শক্তির কারণেই তারা রাসূল সা. এবং সাহাবীদের মক্কা থেকে উৎপীড়ন করে তাড়িয়ে দিতে পেরেছিল।

সুতরাং কুরাইশরা যদি অর্থনৈতিকভাবে আরো শক্তিশালী এবং আরো মজবুত হতে পারে তাহলে নিঃসন্দেহে তারা মদীনায় আক্রমণ করে বসবে এবং সবে মাত্র গজে উঠা ইসলাম-বৃক্ষকে সমূলে উপড়ে ফেলবে এবং পৃথিবীর বুক থেকে চিরতরে ইসলামকে মুছে ফেলবে।

প্রকৃতপক্ষে কুরাইশদের পরিকল্পনাও ছিল এমনই। আর রাসূলুল্লাহ সা. এর জন্য এ বাস্তব সত্যটা উপলব্ধি করা মোটেও কঠিন কিছু ছিল না; বরং তিনি এ বিষয়টা আগ থেকেই উপলব্ধি করতে পেরেছিলেন। একারণেই রাসূল সা. যখন শুনতে পেলেন 'কুরাইশরা আবু সুফিয়ানের নেতৃত্বে একটি বাণিজ্যিক কাফেলা সিরিয়ায় প্রেরণ করছে। তখন সাথে সাথে একশ পঞ্চাশ অথবা দুইশ জনের বাহিনী নিয়ে বেরিয়ে পড়লেনে কুরাইশদের বাণিজ্যিক কাফেলাকে আটকে দিতে। কিন্তু রাসূল সা. উশাইরা নামক স্থানে পৌঁছার আগেই আবু সুফিয়ান তার কাফেলা নিয়ে এ স্থান অতিক্রম করে অনেক দূরে চলে গিয়েছিল। তাই রাসূল সা. সেখানে কিছুদিন অবস্থান করে মদীনায় ফিরে আসেন। অতঃপর যখন আবু সুফিয়ানের কাফেলা শাম থেকে মক্কার দিকে ফিরে আসার সময় হল, রাসূলুল্লাহ সা. তখন কুরাইশ-কাফেলার গতিবিধি লক্ষ করার জন্য তালহা ইবনে উবাইদুল্লাহ এবং সাঈদ ইবনে যায়েদ রাযি. কে মদীনার পশ্চিমে সমুদ্র তীরের দিকে পাঠালেন। তারা দুজন হাতরা নামক স্থানে এসে কুরাইশ কাফেলার ফিরে আসার অপেক্ষা করতে লাগলেন

هذه عير قريش فيها أموالهم فأ خرجوا إليها لعَّل الله ينفلكموها.

'এই তো কুরাইশদের কাফেলা। এতে তাদের প্রচুর ধন-সম্পদ আছে। সুতরাং তোমরা এর উপর আক্রমণ কর। হতে পারে আল্লাহ তাআলা গণিমত হিসেবে তোমাদেরকে তা দান করবেন।'

মুসলিম বাহিনীর মদীনা ত্যাগ

যেহেতু বড় কোন সৈন্যবাহিনী অথবা মক্কার বড় কোন বাহিনীর সাথে মোকাবিলার আশংকা ছিল না তাই তিনি কাউকে নির্দিষ্টভাবে বের হতে বলেননি; বরং এটা সকলের ইচ্ছাধীন রেখেছিলেন। যার ইচ্ছা বের হবে, যার ইচ্ছা মদীনায় রয়ে যাবে। কোন ধরণের বাধ্যবাধকতা নেই।

রাসূলুল্লাহ সা. এবং তাঁর সাথে তিনশত তের মতান্তরে চোদ্দ কিংবা সতের জন সাহাবী খুব দ্রুত প্রস্তুতি নিয়ে বের হয়ে গেলেন। এতো তাড়াহুড়া, দ্বিতীয়ত বড় কোন যুদ্ধের আশংকা না থাকায় প্রস্তুতি তেমন ভাল হয়নি এবং যুদ্ধ সরঞ্জামও একেবারে নেই বললেই চলে। পুরো মুসলিম বাহিনীর সাথে মাত্র সত্তরটি উট এবং এক দুইটি ঘোড়া ছিল। একেকটি উটের পিঠে পালাক্রমে তিন চারজন করে লোক আরোহণ করছিল। কোন ধরণের বাধ্যবাধকতা না থাকায় অনেকে মদীনায় রয়ে যান। তাই তাদের ইমামতির জন্য ইবনে উম্মে মাকতুম রাযি.কে নির্ধারণ করা হয়।

এদিকে বাহিনী রওহা নামক স্থানে পৌঁছলে সেখান থেকে আবু লুবাবা ইবনে আব্দুল মুনজিরকে মদীনার খলীফা নিযুক্ত করে তাকে সেখান থেকে মদীনায় পাঠিয়ে দেওয়া হয়।

বদর অভিমুখে ছুটেছে কাফেলা

এরপর মুসআব ইবনে উমায়েরের হাতে পুরো বাহিনীর পক্ষ থেকে সাদা রঙ্গের একটি পতাকা তুলে দেওয়া হয়। অতঃপর আনসার ও মুহাজিরদের দুই ভাগে ভাগ করে আনসারদের পতাকা দেওয়া হয় সাদ ইবনে মুআজ রাযি.কে এবং মুহাজিরদের পতাকা দেওয়া হয় আলী ইবনে আবু তালিব রাযি.কে। এই দুই পতাকা ছিল কাল রঙের। এরপর রাসূল সা. এই নিঃসম্বল বাহিনী নিয়ে মদীনার গিঁড়িপথ ধরে বদরের দিকে অগ্রসর হতে থাকেন।

এবং সদরা নামক স্থানে পৌঁছে বাছবাছ ইবনে আমর আল জুহানী এবং আকী ইবনে আবু জাগবা আল জুহানী নামক দুইজনকে গুপ্তচর হিসেবে আবু সুফিয়ানের সংবাদ নেওয়ার জন্য বদরের দিকে প্রেরণ করেন।

এদিকে আবু সুফিয়ানের নেতৃত্বে কুরাইশদের কাফেলাটি খাদ্য ও অস্ত্র-সম্ভরে নিয়ে মক্কায় ফেরার পথে মদীনার নিকটবর্তী উপকূলীয় এলাকা অতিক্রম করছিল। আবু সুফিয়ান খুবই বিচক্ষণতা ও সতর্কতার সাথে সামনে অগ্রসর হচ্ছিল। পথে একে ওকে জিজ্ঞাসা করছিল মদীনার মুসলমানদের পক্ষ থেকে কোন ধরণের হামলার আশংকা আছে কি না? কেননা এ বিপুল খাদ্য ও অস্ত্র-সম্ভার শত্রুপক্ষের হাতে চলে গেলে কুরাইশের ভাগ্য বিপর্যয় অনিবার্য হয়ে পড়বে। এবং এর দায়ভার তাকেই বহন করতে হবে। এভাবে তারা যখন বদরের নিকটবর্তী একটি পাহাড়ের নিকট পৌঁছল, তখন মাজদিয়া ইবনে আমর নামক এক লোকের সাথে দেখা হল। তাকে মদীনার বাহিনী সম্পর্কে জিজ্ঞাসা করলে সে বলল, এমন কোন বাহিনী দেখিনি তবে দুইজন লোককে এ টিলার উপর তাদের উট থেকে নামতে দেখেছি। তারা সেখানে নেমে পানি পান করে আবার চলে গেছে। তখন আবু সুফিয়ান খুব দ্রুত সে দিকে গেল এবং সেখানে পড়ে থাকা উটের গোবর নিয়ে পরীক্ষা নিরীক্ষার পর বুঝতে পারলো এর মধ্যে যে খেজুরের বীচি আছে এগুলো মদীনার খেজুরের বীচি। তখন তিনি দ্রুত স্থান ত্যাগ করে সমুদ্র তীরবর্তী অন্য একটি পথ নিল। এবং কুরাইশদের কাছে জরুরী সাহায্যের বার্তাসহ জমজম ইবনে আমর আল গিফারী নামক এক লোককে ভাড়া করে দ্রুতগামী সওয়ারী দিয়ে মক্কায় পাঠালো।

সে খুব দ্রুত মক্কার উপকণ্ঠে এসে উটের কান দুটো কেটে হাওদা উল্টোমুখো করে এবং নিজের পোশাকে রক্ত মেখে এক অভিনব সাজে মক্কায় প্রবেশ করলো। ফলে মক্কায় খুব দ্রুত কানকাটা সওয়ারের আগমণ সংবাদ ছড়িয়ে পড়লো। এবং মূহূর্তের মধ্যে কৌতুহলী মানুষের ভিড় জমে গেলো। আর সে জনতার সামনে তাদের কাফেলার বিপদে পড়ার সংবাদ দিল এভাবে-

يا معشر قريش! أموالكم مع أبي سفيان قد عرض لها محمد في أصحابه، لاأرى أن تدركوها: الغوث، الغوث.

'হে কুরাইশ সম্প্রদায়! তোমাদের কাফেলা মুহাম্মদের হামলার মুখে রয়েছে। নিজেদের সম্পদ যদি রক্ষা করতে চাও তাহলে এই মুহূর্তে সাহায্যের জন্য ছুটে চল।'

মক্কাবাসীরা এ সংবাদ পেয়ে খুব দ্রুত প্রস্তুত হয়ে আবু জাহেলের নেতৃত্বে বের হয়ে গেল। তখন মক্কাবাসীদের অবস্থা ছিল এই- হয়তো নিজে বের হবে অথবা তার পক্ষ থেকে অন্য একজনকে পাঠাবে। আবু লাহাব ব্যতীত কুরাইশদের প্রায় সকল নেতাই বের হয়েছিল।

আবু লাহাব তার পক্ষ থেকে অন্য একজনকে পাঠিয়েছিল। অন্য দিকে বনী আকী ব্যতীত মক্কার আসে-পাশে থাকা সকল গোত্র থেকেই কেউ না কেউ এই যুদ্ধে অংশ নিয়েছিল। প্রাথমিক পর্যায়ে তাদের সৈন্য সংখ্যা ছিল প্রায় তেরশত। এর মধ্যে ছিল একশ অশ্বারোহী এবং সাতশ বর্ম পরিহিত যোদ্ধা। তাদের সাথে ছিল অসংখ্য উট। বাহিনীর নেতৃত্বে ছিল আবু জাহেল এবং তার সহযোগী হিসেবে ছিল আরো নয়জন কুরাইশ নেতা।

এদিকে আবু সুফিয়ান ঘুরপথে নিরাপদে মক্কায় পৌঁছে গেল এবং আবু জাহেলকে ফিরে আসার বার্তা দিয়ে দ্রুতগামী সওয়ার পাঠালো। যখন কুরাইশ বাহিনীর নিকট আবু সুফিয়ানের এই বার্তা পৌঁছল তখন তারা মক্কায় ফিরে যাওয়ার ইচ্ছা করল। কিন্তু অহংকারী, নিষ্ঠুর, নৃশংস আবু জাহেল দাঁড়িয়ে বলল, 'আল্লাহর কসম! আমরা বদর প্রান্তরে ঘুরে আসা ব্যতিত মক্কায় ফিরে যাব না। আমরা সেখানে তিন দিন থেকে মদ আর নারী নিয়ে নেচে গেয়ে ফুর্তি করবো এবং উট জবাই করে খাবো। যাতে করে পুরো আরবের লোকেরা আমাদের বিরত্বের কথা জানতে পারে এবং চিরজীবন আমাদের ভয় করে চলে, আর আখনাস ইবনে শারীক আবু জেহেলের এই সিদ্ধান্তের বিরোধিতা করে বিপরীত মত দিল। কিন্তু কুরাইশরা তার এই পরামর্শ মানল না। তাই সে এবং তার মিত্র বনী জুহরা সেখান থেকে মক্কায় ফিরে গেল। তারা বদরে অংশ গ্রহণ করেনি। তাদের সংখ্যা ছিল প্রায় তিন শত। অতঃপর বনু হাশেমও ফিরে আসতে চাইলো। কিন্তু আবু জাহেল তাদের উপর চাপ সৃষ্টি করে তাদেরকে থাকতে বাধ্য করল। ফলে কুরাইশরা এক হাজার সৈন্য নিয়ে বদরের দিকে রওয়ানা হল।

রাসূল সা. ওয়াদিয়ে যাফিরন নামক স্থানে থাকা অবস্থায় তাঁর কাছে কুরাইশদের সমর সজ্জায় সজ্জিত হয়ে বদরের দিকে অগ্রসর হওয়ার সংবাদ এলো। কুরাইশদের অগ্রসর হওয়ার সংবাদ নিয়ে চিন্তা-গবেষণার পর তাদের মোকাবিলার সিদ্ধান্ত ছাড়া অন্য কোন সিদ্ধান্তে উপনীত হওয়ার কোন সুযোগ ছিলনা। কেননা কুরাইশদের যদি এভাবে বিনা বাঁধায় বদরের প্রান্তরে অবস্থান করতে দেওয়া হয়, তাহলে পুরো আরবের মধ্যে কুরাইশদের একটা প্রভাব ও দাপট সৃষ্টি হবে এবং মুসলমানদের দুর্বলতার কথা প্রকাশ পাবে। মুসলমানদের প্রতি বিদ্বেষ রাখে তখন এমন যে কোন গোত্রই মদীনায় আক্রমণের সাহস দেখাবে। অন্য দিকে এ নিশ্চয়তাও তো নেই যে, কুরাইশরা বদর থেকে ফিরে যাবে, মদীনায় এসে মুসলমানদের উপর আক্রমণ করবে না।

এ সকল বিষয়কে সমনে রেখে রাসূলুল্লাহ সা. সাহাবীদের সাথে পরামর্শে বসলেন যে, এ পরিস্থিতিতে কী করা যায়। অর্থাৎ কুরাইশদের মুখোমুখি হবে, না মদীনায় ফিরে যাবে। তখন মুহাজিরদের পক্ষ থেকে আবু বকর এবং ওমর রাযি. অগ্রসর হয়ে কাফেরদের মোকাবেলা করার পক্ষে মত দিলেন। অতঃপর মিকদাদ ইবনে আমর রাযি. দাঁড়িয়ে বললেন, 'হে আল্লাহর রাসূল আপনি তাই করবেন যা আল্লাহ আপনাকে নির্দেশ দেন। আল্লাহর কসম আমরা ঐরকম কথা বলব না যে রকম বনী ইসরাইলরা মুসা আ. কে বলেছিল। কুরআনের ভাষায়-

قَالُوا يَا مُوسَى إِنَّا لَنْ نَدْخُلَهَا أَبَدًا مَا دَامُوا فِيهَا فَاذْهَبْ أَنْتَ وَرَبُّكَ فَقَاتِلَا إِنَّا هَاهُنَا قَاعِدُونَ

'তারা বলল, হে মুসা আমরা কখনো সেখানে প্রবেশ করবো না যতক্ষণ পর্যন্ত তারা সেখানে বিদ্যমান থাকবে। অতএব, আপনি ও আপনার পালনকর্তাই যান এবং উভয়ে যুদ্ধ করে নিন। আমরা এখানেই বসে আছি।' (সুরা মাইদা-২৪)

কিন্তু আমরা বলবো, আপনি আপনার প্রভূর নির্দেশ নিয়ে অগ্রসর হোন এবং যুদ্ধ করুন; আমরাও আপনার সাথে যুদ্ধ করবো।

এ সকল প্রতিশ্রুতি তো ছিল মুহাজিরদের পক্ষ থেকে। কিন্তু আনসাররা কী বলে তা তো তিনি এখনো শুনেন নি। তাই রাসূল সা. আনসারদের পক্ষ থেকে কিছু শুনতে চাচ্ছিলেন। কারণ তারা ছিল সংখ্যায় বেশী এবং মুহাজিররা ছিল সংখ্যায় কম। অন্যদিকে আকাবার চুক্তিতে সিদ্ধান্ত হয়েছিল যে, মদীনার অভ্যন্তরে যতদিন মহা নবী সা. থাকবেন ততদিন আনসারগণ তাকে সাহায্য করবেন। কিন্তু এখন তো তিনি মদীনার বাইরে। তাই রাসূল সা. বললেন,

أشيروا علي أيها الناس

'হে লোকসকল! আমাকে পরামর্শ দাও।'

তখন আনসারদের পতাকাবাহী সাদ ইবনে মুআজ রাযি. বুঝতে পারলেন রাসূল সা. এ কথার মাধ্যমে কাদের উদ্দেশ্য নিচ্ছেন। তখন তিনি বললেন, 'হে আল্লাহর রাসূল সা. আপনি কি আমাদের সিদ্ধান্ত জানতে চাচ্ছেন? রাসূল সা. বললেন, হ্যাঁ।

তখন সাদ রাযি. বললেন, হে আল্লাহর রাসূল সা. আপনার উপর আমাদের পূর্ণ বিশ্বাস আছে এবং আমরা শপথ নিয়েছি যে আপনি যা বলবেন আমরা তা শুনবো এবং মান্য করবো। সুতরাং এখন আপনি যে সিদ্ধান্ত নিবেন আমরা সে সিদ্ধান্তের পক্ষে থাকবো। ঐ সত্তার কসম করে বলছি যিনি আপনাকে সত্যবাণী দিয়ে পাঠিয়েছেন; যদি আপনি আমাদের (নিকটের) ঐ সমুদ্রে ঝাঁপিয়ে পড়তে বলেন আমরা তা করবো এবং সেখানে যদি আপনি ডুব দেন আমরাও আপনার সঙ্গে ডুব দেব। আমাদের একজনও পিছপা হবে না। আগামীকাল শত্রুর মুখোমুখি হতে আমাদের কোন দ্বিধা নেই। আমরা যুদ্ধবিদ্যায় প্রশিক্ষণপ্রাপ্ত এবং যুদ্ধকর্মে আমাদের বিশ্বস্ততার কথা সকলেই জানে। যুদ্ধক্ষেত্রে আল্লাহ আমাদের কর্মদক্ষতা আপনাকে দেখাবেন বলে আমরা আশা করি এবং আমরা বিশ্বাস করি যে, আমাদের একাগ্রতা ও একনিষ্ঠতা দেখে আপনার চোখে স্নিগ্ধতা নেমে আসবে।'

এ কথায় রাসূল সা. খুবই আনন্দিত হলেন এবং বললেন,

سيروا وابشروا فإن الله تعالى قد وعدني احدى الطائفتين، والله لكأني الآن أنظر الى مصارع القوم

'তোমরা এগিয়ে যাও এবং উৎফুল্ল হও যে, আল্লাহ তাআলা আমাকে দুই দলের একটির ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েছেন। আল্লাহর কসম! এখনই আমার চোখে ভাসছে যে শত্রুরা আমাদের পদতলে শায়িত রয়েছে।

